# পিএসএলে নতুন যাত্রা শুরু করছেন মুস্তাফিজ



সংগৃহীত ছবি

বাংলাদেশের তারকা পেসার মুস্তাফিজুর রহমানকে আনুষ্ঠানিকভাবে স্বাগত জানিয়েছে পাকিস্তান সুপার লিগ (পিএসএল)। মঙ্গলবার রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে 'কাটার মাস্টার'-এর আগমনের বার্তা দেয় টুর্নামেন্ট কর্তৃপক্ষ।

পোস্টে ব্যাটসম্যানদের সতর্ক করে পিএসএল জানায়, নতুন এক অধ্যায়ের সূচনা করতে যাচ্ছেন মুস্তাফিজ। আসন্ন ১১তম আসরে তাকে দেখা যাবে লিগের মাঠে। সংশ্লিষ্ট সূত্রের তথ্য অনুযায়ী, পিএসএলে খেলতে ইতোমধ্যে ড্রাফটে নাম নিবন্ধন করেছেন এই বাঁহাতি পেসার।

এর আগে ভারতীয় ক্রিকেট বোর্ডের নির্দেশনার প্রেক্ষিতে আইপিএলের পরবর্তী মৌসুমের জন্য কলকাতা নাইট রাইডার্সের স্কোয়াড থেকে মুস্তাফিজুর রহমানকে ছেড়ে দেয় ফ্র্যাঞ্চাইজি কর্তৃপক্ষ।

অন্যদিকে, নিরাপত্তাজনিত উদ্বেগের কারণে ভারতে অনুষ্ঠিতব্য টি-টোয়েন্টি বিশ্বকাপে দল পাঠানো সম্ভব নয় বলে সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড। ভেন্যু পরিবর্তনের দাবিতে আন্তর্জাতিক ক্রিকেট কাউন্সিলকে ই-মেইলের মাধ্যমে জানানো হলেও এখনো কোনো জবাব পায়নি বিসিবি।